# আল আরাফাহ ইসলামী ব্যাংক লিমিটেড

## ফোকাল পয়েন্ট অফিস, হেড অফিস, ঢাকা

**বিষয়- বাংলাদেশ ব্যাংক কর্তৃক প্রকাশিত শুদ্ধাচার বিষয়ক ছড়া থেকে “চলমান ডিজিটাল বোর্ডে” প্রদর্শনের জন্য বাছাইকৃত ছড়াসমূহ।**

| | |
|---|---|
| ০১ | শুদ্ধাচার ও শিষ্ঠাচার<br>সভ্য জাতির অহংকার।<br>করলে সবাই চেষ্টা<br>এগিয়ে যাবে দেশটা।<br>ফারুক নওয়াজ |
| ০২ | জানতে হবে জীবন চলায়<br>কোনটা সঠিক পথ,<br>সঠিক পথে থাকলে তবে<br>উজ্জ্বল ভবিষ্যৎ।<br>আহসান  মালেক |
| ০৩ | চর্চা করলে সত্যাচার<br>দূর হয়ে যায় অত্যাচার।<br>দূর্বলেরও বল বাড়ে<br>সোনার গাছে ফল বাড়ে।<br>বিলু কবীর |
| ০৪ | বলব না মিথ্যা<br>করব না দুর্নীতি<br>জনে জনে প্রত্যেকে<br>গড়ে তোলো সম্প্রীতি।<br>আনজীর লিটন |
| ০৫ | ঘুষের টাকার পাহাড় তোমার<br>একদিন তো টলবেই<br>শুদ্ধাচারের চলছে লড়াই<br>এ লড়াইটা চলবেই।<br>জিয়া রহমান |
| ০৬ | স্বজনপ্রীতি করবে যে জন<br>সুজন তাকে বলব না<br>সবাই তাকে করব ঘৃনা<br>তার সাথে পথ চলব না।<br>সুবল কুমার বণিক |

| | |
|---|---|
| ০৭ | কারও দয়ায় দেশ পাইনি<br>দেশ পেয়েছি যুদ্ধ করে<br>দুর্নীতিকে কবর দিয়ে<br>রাখব এদেশ শুদ্ধ করে।<br>জাহাঙ্গীর আলম জাহান |
| ০৮ | লাখো শহিদের রক্তে ভেজা<br>আমাদের এই বাংলাদেশ<br>শুদ্ধাচারে  ঋদ্ধ হয়ে<br>দুর্নীতিকে করব শেষ।<br>সাগর আশরাফ |
| ০৯ | অর্থ পাচার রোধ করুন<br>ঘরের দেনা শোধ করুন<br>দেশের টাকা দেশে রেখে<br>সুস্থ- সবল বোধ করুন।<br>সুজন বড়ুয়া |
| ১০ | দেশের চেয়ে কেউ বড় নয়<br>দেশটা সবার আগে<br>দেশকে ভালোবাসতে হবে<br>গভীর অনুরাগে।<br>জাহাঙ্গীর আলম জাহান |
| ১১ | উড়িয়েছি পাল ধরিয়াছি হাল<br>চলছে সোনার তরি<br>মুক্ত স্বাধীন দুর্নীতিহীন<br>সোনার বাংলা গড়ি।<br>মারুফুল ইসলাম |
| ১২ | অন্যায় করে পার পেতে পার<br>জানবে না কেউ কিছু,<br>কিন্তু তোমার বিবেক রয়েছে<br>ছাড়বে না সে তো পিছু।<br>আখতার হুসেন |
| ১৩ | ঘুষ আর দুর্নীতি<br>এবং স্বজনপ্রীতি<br>আসুন, সবাই করি বর্জন<br>তবেই সফল হবে স্বাধীনতা অর্জন।<br>নাসির আহমেদ |

| | |
|---|---|
| ১৪ | স্বদেশকে ভালোবাসা<br>ঈমানের অঙ্গ<br>সে মানুষ হতে হলে<br>চাই ভালো সঙ্গ ।<br>নাসির আহমেদ |
| ১৫ | আমার বিবেক আমাকে এই<br>সঠিক দিশা দিক না,<br>চাকরি করি বেতন তো পাই<br>ঘুষ খাওয়া তাই ঠিক না।<br>নাসের মাহমুদ |
| ১৬ | ন্যায্য বিচার উচিত কথা<br>সত্য পথে চলায়<br>ফুলের মালা দাও পরিয়ে<br>ঐ লোকটার গলায়।<br>নাসের মাহমুদ |
| ১৭ | আছে ঘুষখোর আছে ঘুষদাতা<br>চিনে রাখো দুই শত্রুকে<br>গতিবিধি তার চিহ্নিত করো<br>দাড়াতেই হবে পথ রুখে।<br>ওমর কায়সার |
| ১৮ | সত্যের পথে হাঁটে অবিরত যারা<br>মনে রেখো, কোনদিন হারবে না তারা।<br>যদি হারে, সেটা হবে খুব সাময়িক<br>মিথ্যাকে বলো তুমি, ধিক ধিক ধিক।<br>হাসনাত আমজাদ |
| ১৯ | বাংলা মায়ের ডাক<br>সন্ত্রাসী আর দুর্নীতিবাজ<br>এবার নিপাত যাক।<br>ওদের হবে ক্ষয়<br>জয় সুনীতির জয়।<br>লুৎফর রহমান রিটন |
| ২০ | এদেশটাকে সামনে নেব<br>কষ্ট যত বইতে রাজি<br>আমরা তরুণ, রুখে দাড়াই<br>দখল, খুন ও চাঁদাবাজি।<br>শফিক ইমতিয়াজ |

| | |
|---|---|
| ২১ | যত অনিয়ম যত অনাচার<br>সব পথ করো রুদ্ধ<br>সবাই তখন সুন্দর হবে<br>মানুষেরা হবে শুদ্ধ।<br>আনজীর লিটন |
| ২২ | ঘুষ দিলে, ঘুষ খেলে, ফলাফল শূন্য<br>সম্মান মর্যাদা হয় শুধু ক্ষুন্ন।<br>আমরা বীরের জাতি করেছি তো যুদ্ধ<br>দেশটাকে ভালোবাসি হই পরিশুদ্ধ।<br>সোহেল মল্লিক |
| ২৩ | দুর্নীতিতে থমকে থাকে<br>উন্নয়নের অগ্রগতি<br>আর কারও নয়,দুর্নীতিতে<br>দেশের ক্ষতি দশের ক্ষতি।<br>রোমেন রায়হান |
| ২৪ | অন্যায়কারী আর দুর্নীতিবাজ<br>কখনও বাসে না ভালো সুশীল সমাজ।<br>বিবেকের তাড়নায় মন হলে তাড়িত<br>মন থেকে অন্যায় হয় অপসারিত।<br>হামিদ মেহবুব |
| ২৫ | দুর্নীতি -অনিয়ম<br>দূর হলে সব<br>দেশ জুড়ে বয়ে যাবে<br>হাসি- কলরব।<br>রমজান মাহমুদ |
| ২৬ | বিবেক যদি না দেয় সাড়া<br>করব না সেই কাজ<br>এমনি করেই উঠবে গড়ে<br>কাঙ্খিত সমাজ।<br>আরিফ নজরুল |
| ২৭ | বন্ধ দুয়ার খুলি<br>সাম্যের চাবিতে<br>দুর্নীতি ঘুচে যাক<br>মানবিক দাবিতে।<br>ইমরান পরশ |